

## কবি সুকান্ত মহাবিদ্যালয়, ভদ্রেস্বর, হুগলি

বিষয়: অনলাইন সেমিস্টার 6 ও পার্ট 3 ফাইনাল পরীক্ষা, 2020

### ✦ পরীক্ষা সংক্রান্ত কিছু নির্দেশিকা

১. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে অ্যাডমিট কার্ড ডাউনলোড ও প্রিন্ট করতে হবে। নিজের **signature** করে রাখতে হবে।
২. উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।  
✦ প্রথম পৃষ্ঠায় নির্দিষ্ট স্থানে প্রয়োজনীয় তথ্য **admit card অনুসারে** পূরণ করে রাখতে হবে।
৩. ফাঁকা A4 সাইজের পৃষ্ঠার format ( বিশ্ববিদ্যালয়ের দেওয়া) ডাউনলোড করে প্রিন্ট করতে হবে। প্রয়োজন অনুসারে জেরক্স করে রাখতে হবে।  
✦ পৃষ্ঠার নাম্বার হবে এই অনুসারে: 1/6, 2/6, 3/6, 4/6, 5/6, 6/6 (6টি পৃষ্ঠার উদাহরণ দেওয়া হলো, যদি 10 টি পৃষ্ঠা ব্যবহৃত হয় তবে 1/10 থেকে শুরু হবে)
৪. পরীক্ষার প্রশ্নপত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিশ্ববিদ্যালয়ের নির্ঘণ্ট অনুসারে নির্দিষ্ট দিনে পরীক্ষা শুরুর 30 মিনিট আগে পাওয়া যাবে।  
✦ প্রতিটি প্রশ্নের মান হবে 10 নম্বর বা 5 নম্বর, 1 নম্বর অথবা 2 নম্বর এর কোন প্রশ্ন থাকবে না।  
✦✦ পরীক্ষার সময়সীমা 40 ও 50 নম্বরের ক্ষেত্রে 2 ঘন্টা, 60 নম্বরের ক্ষেত্রে 3 ঘন্টা। পার্ট 3 র ক্ষেত্রে 50 নম্বরের পরীক্ষা হবে।
৫. উত্তর প্রশ্নের ক্রম অনুসারে লিখতে হবে (যেমন প্রথমে 1 নম্বর, তারপর 2, 3.....শেষ)। উত্তরপত্র **নিজের হাতের লেখাতে** হবে। কোনো **type লেখা** গ্রাহ্য হবে না।
৬. উত্তরপত্র সাজাতে হবে এই অনুসারে:  
(সর্বপ্রথম **আবশ্যিক প্রথম পৃষ্ঠা** –  
তারপর অন্যান্য **পৃষ্ঠাগুলি ক্রম** অনুসারে যুক্ত করতে হবে)  
✦ **সঠিকভাবে পূরণ করা প্রথম পৃষ্ঠা না থাকলে উত্তরপত্রটি বাতিল হবে।**
৭. উত্তরপত্রটি পিডিএফ ফাইল হিসাবে save করতে হবে (**Size: 25MB** র মধ্যে রাখতে হবে)। ফাইল এর নামকরণ করতে হবে এই অনুসারে: **170407000167.pdf** (নিজের রোল নাম্বার.pdf)
৮. কলেজের ওয়েবসাইটে দেওয়া নির্দিষ্ট বিষয়ের লিঙ্ক click করলে উত্তরপত্র submit করার option পাওয়া যাবে। উত্তরপত্র Upload করার ক্ষেত্রে **প্রথম পৃষ্ঠা থেকে সবকিছু লেখা ও signature** করা হয়েছে কিনা দেখে নেবে।
৯. কোনো পরীক্ষার্থী pdf (Soft copy) ফাইল সাবমিট করতে অসমর্থ হলে সে পরীক্ষা শেষ হওয়ার 30 মিনিটের মধ্যে কলেজে এসে উত্তরপত্রটি (Hard copy) submit করে রশিদ সংগ্রহ করতে পারবে।  
✦ প্রযুক্তিগত কোন সমস্যার ক্ষেত্রে স্ক্রীনশট সংগ্রহ করে রাখতে হবে।

বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট

www.buruniv.ac.in

কলেজের ওয়েবসাইট

www.ksmv.info